কর্মচারী পদে নিয়োগ বিজ্ঞপ্তি

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
## BANGLADESH OPEN UNIVERSITY
গাজীপুর-১৭০৫

বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-২/৩৫৯৫

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মচারীদের শূন্য পদসমূহে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত জাতীয় বেতনস্কেলে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রম | পদের নাম ও বেতনস্কেল | পদের সংখ্যা | ক্রম | পদের নাম ও বেতনস্কেল | পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১ | ওয়ার্ড প্রসেসিং অপারেটর<br>গ্রেড-১১ (টাকা ১২৫০০-৩০২৩০) | ০৩ টি | ০৯ | ডেসপাস রাইডার<br>গ্রেড-১৮ (টাকা ৮৮০০-২১৩১০) | ০১ টি |
| ০২ | হিসাবরক্ষক<br>গ্রেড-১১ (টাকা ১২৫০০-৩০২৩০) | ০১ টি | ১০ | বৈদ্যুতিক কাজের হেলপার<br>গ্রেড-১৮ (টাকা ৮৮০০-২১৩১০) | ০১ টি |
| ০৩ | ল্যাব টেকনিশিয়ান<br>গ্রেড-১১ (টাকা ১২৫০০-৩০২৩০) | ০১ টি | ১১ | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-১৯ (টাকা ৮৫০০-২০৫৭০) | ০৩ টি |
| ০৪ | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৩ (টাকা ১১০০০-২৬৫৯০) | ০৬ টি | ১২ | অফিস সহায়ক<br>গ্রেড-২০ (টাকা ৮২৫০-২০০১০) | ১০ টি |
| ০৫ | তথ্য সহকারী<br>গ্রেড-১৩ (টাকা ১১০০০-২৬৫৯০) | ০১ টি | ১৩ | প্যাকার<br>গ্রেড-২০ (টাকা ৮২৫০-২০০১০) | ০১ টি |
| ০৬ | গাড়ীচালক<br>গ্রেড-১৫ (টাকা ৯৭০০-২৩৪৯০) | ০৪ টি | ১৪ | বাস হেলপার<br>গ্রেড-২০ (টাকা ৮২৫০-২০০১০) | ০১ টি |
| ০৭ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ (টাকা ৯৩০০-২২৪৯০) | ০১ টি | ১৫ | পরিচ্ছন্নতাকর্মী<br>গ্রেড-২০ (টাকা ৮২৫০-২০০১০) | ০১ টি |
| ০৮ | লিয়াজো কাম প্রটোকল সহকারী<br>গ্রেড-১৬ (টাকা ৯৩০০-২২৪৯০) | ০১ টি | | | |

গত ২৫-০২-২০২৪ তারিখের বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-২/১১৫৪ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ক্রমিক ০১,০২,০৪,০৬,০৭,০৯,১১,১২,১৩,১৪ ও ১৫ এ উল্লিখিত পদসমূহে ইতোপূর্বে আবেদনকারীগণের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তবে ইতোপূর্বে আবেদনকারীগণ আবেদনের তথ্য হালনাগাদ করতে চাইলে পদের নাম উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবর আবেদন করতে পারবেন। প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর প্রার্থিত পদে নিয়োগের জন্য তিন পর্যায়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে : (১) লিখিত পরীক্ষা, (২) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জন্য কম্পিউটার লিটারেসি টেস্ট/ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং (৩) মৌখিক পরীক্ষা। আবেদনের শেষ তারিখ : ০৭-০৯-২০২৫। বিস্তারিত তথ্য ও আবেদন ফরম-এর জন্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.bou.ac.bd) দেখুন।

রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর

রেজিস্ট্রারের কার্যালয়
Office of the Registrar

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
# BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-২/৩৫৯৫

তারিখ ঃ ২৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কর্মচারী নিয়োগের জন্য সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী ঃ

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী |
|---|---|---|---|---|---|
| ০১ | ওয়ার্ড প্রসেসিং অপারেটর | ০৩ টি | গ্রেড-১১ (টাকা ১২৫০০-৩০২৩০) | ১৮-৩২ বছর | ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ২.৫/২য় বিভাগ এবং স্নাতক ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ২.৫ ।<br>খ) স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার পরিচালনার উপর ০১ (এক) বছর মেয়াদী পেশাগত ডিপ্লোমা। প্রার্থীকে বাংলায় এবং ইংরেজিতে কম্পিউটার এ্যাপটিচুট টেস্ট/ডাটা এন্ট্রি ও ডাটা প্রসেসিং সহ অন্যান্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ডেস্কটপ পাবলিকেশনে (ডিটিপি) অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীর বাংলা ও ইংরেজীতে পারদর্শিতা থাকা আবশ্যক। |
| ০২ | হিসাবরক্ষক | ০১ টি | গ্রেড-১১ (টাকা ১২৫০০-৩০২৩০) | ১৮-৩২ বছর | ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ২.৫/২য় বিভাগ এবং বাণিজ্য/ব্যবসায় প্রশাসনে স্নাতক ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ২.৫ ।<br>খ) প্রার্থীর বাংলা ও ইংরেজীতে পারদর্শিতাসহ এমএস ওয়ার্ড ও এমএস এক্সেলে ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যক। |
| ০৩ | ল্যাব টেকনিশিয়ান | ০১ টি | গ্রেড-১১ (টাকা ১২৫০০-৩০২৩০) | ১৮-৩২ বছর | ক) মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ২য় বিভাগ/ন্যূনতম জিপিএ ২.০ (৫ মাত্রার স্কেলে)। ও-লেভেল এবং এ-লেভেলে আনুপাতিক হারে জিপিএ নির্ধারিত হবে।<br>খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে মেডিকেল টেকনোলজি (ল্যাবরেটরি) বিষয়ে ডিপ্লোমা।<br>গ) কম্পিউটার লিটারেসি এবং ইংরেজী ও বাংলায় উত্তম জ্ঞান, অভিজ্ঞ ও দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৪ | উচ্চমান সহকারী | ০৬ টি | গ্রেড-১৩ (টাকা ১১০০০-২৬৫৯০) | ১৮-৩২ বছর | ক) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় এবং স্নাতক ডিগ্রীতে জিপিএ/সিজিপিএ ২.৫/২য় বিভাগ/শ্রেণি।<br>খ) প্রার্থীর বাংলা ও ইংরেজীতে পারদর্শিতাসহ এমএস ওয়ার্ড ও এমএস এক্সেল-এ ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যক।<br>গ) প্রশাসনিক কাজে ০২(দুই) বৎসরের পেশাগত অভিজ্ঞতা। |
| ০৫ | তথ্য সহকারী | ০১ টি | গ্রেড-১৩ (টাকা ১১০০০-২৬৫৯০) | ১৮-৩২ বছর | ক) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় এবং স্নাতক ডিগ্রীতে জিপিএ/সিজিপিএ ২.৫/২য় বিভাগ/শ্রেণি।<br>খ) প্রার্থীর বাংলা ও ইংরেজীতে পারদর্শিতাসহ এমএস ওয়ার্ড ও এমএস এক্সেল-এ ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যক। |
| ০৬ | গাড়ীচালক | ০৪ টি | গ্রেড-১৫ (টাকা ৯৭০০-২৩৪৯০) | ১৮-৩২ বছর | কমপক্ষে এসএসসি পাস। বৈধ লাইসেন্সসহ গাড়ী চালনায় কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা। প্রার্থীকে ৬/৬ দৃষ্টি শক্তিসহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। ট্রাফিক আইন-কানুন সর্ম্পকে সম্যক ধারণা এবং যানবাহন ও লগবই রক্ষণাবেক্ষণে দক্ষতা থাকতে হবে। |
| ০৭ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ টি | গ্রেড-১৬ (টাকা ৯৩০০-২২৪৯০) | ১৮-৩২ বছর | ক) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ২.৫/২য় বিভাগ।<br>খ) প্রার্থীর বাংলা ও ইংরেজীতে পারদর্শিতাসহ এমএস ওয়ার্ড ও এক্সেল-এ ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যক।<br>গ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৮ | লিয়াজো কাম প্রটোকল সহকারী | ০১ টি | গ্রেড-১৬ (টাকা ৯৩০০-২২৪৯০) | ১৮-৩২ বছর | ক) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ২.৫/২য় বিভাগ।<br>খ) প্রার্থীর বাংলা ও ইংরেজিতে পারদর্শিতা সহ এম এস ওয়ার্ড ও এক্সেল-এ ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যক।<br>গ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৯ | ডেসপাস রাইডার | ০১ টি | গ্রেড-১৮ (টাকা ৮৮০০-২১৩১০) | ১৮-৩২ বছর | কমপক্ষে এসএসসি পাসসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসহ মোটর সাইকেল চালনার ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। |
| ১০ | বৈদ্যুতিক কাজের হেলপার | ০১ টি | গ্রেড-১৮ (টাকা ৮৮০০-২১৩১০) | ১৮-৩২ বছর | অষ্টম শ্রেণি পাসসহ বৈদ্যুতিক কাজের কমপক্ষে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১১ | নিরাপত্তা প্রহরী | ০৩ টি | গ্রেড-১৯ (টাকা ৮৫০০-২০৫৭০) | ১৮-৩২ বছর | কমপক্ষে এসএসসি পাস এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। সর্বনিম্ন উচ্চতা ৫'৬'' (পাঁচ ফুট ছয় ইঞ্চি), বুক-৩২'' (বত্রিশ ইঞ্চি)-৩৬'' (ছত্রিশ ইঞ্চি)। নিরাপত্তা সংশ্লিষ্ট পদে (সকল পর্যায়ের বেতনস্কেল-এর ক্ষেত্রে প্রযোজ্য) নিয়োগের বিষয়ে সেনাবাহিনী অথবা পুলিশ বাহিনীতে কাজ করার অভিজ্ঞতা বা আনসার-ভিডিপির প্রশিক্ষণ অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী |
|---|---|---|---|---|---|
| ১২ | অফিস সহায়ক | ১০ টি | গ্রেড-২০ (টাকা ৮২৫০-২০০১০) | ১৮-৩২ বছর | কমপক্ষে এসএসসি পাস এবং সুস্বাস্থ্য ও সৎ চরিত্রের অধিকারী হতে হবে। কম্পিউটার চালনায় জ্ঞানসম্পন্ন ও পেশাগত অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ১৩ | প্যাকার | ০১ টি | গ্রেড-২০ (টাকা ৮২৫০-২০০১০) | ১৮-৩২ বছর | কমপক্ষে অষ্টম শ্রেণি পাস। প্যাকিং কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ১৪ | বাস হেলপার | ০১ টি | গ্রেড-২০ (টাকা ৮২৫০-২০০১০) | ১৮-৩২ বছর | কমপক্ষে অষ্টম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। |
| ১৫ | পরিচ্ছন্নতাকর্মী | ০১ টি | গ্রেড-২০ (টাকা ৮২৫০-২০০১০) | ১৮-৩২ বছর | কমপক্ষে অষ্টম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ। |

## আবেদনের শর্তসমূহ

১। আবেদনপত্রের সঙ্গে সার্টিফিকেট, মার্কশীট/গ্রেডশীট, প্রশিক্ষণ (কম্পিউটার ও অন্যান্য প্রশিক্ষণ) ও অভিজ্ঞতার সনদপত্র, জন্ম-সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের অনুলিপি ও পাসপোর্ট সাইজের ২ কপি ছবিসহ ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার **"বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"** বরাবর প্রেরণ করতে হবে। উপরি-উক্ত কাগজপত্রের অনুলিপি ও প্রার্থীর ছবি সত্যায়ন করার প্রয়োজন নেই। সংশ্লিষ্ট কাগজপত্রসহ ০২(দুই) সেট আবেদনপত্র জমা দিতে হবে।

২। সরকারি বিধিমতে কোটা সংরক্ষণ করা হবে। এক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে।

৩। আবেদনকারীকে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে **"বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"** বরাবরে প্রার্থীত পদের জন্য ১০০/- (একশত) **টাকার** ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে। **পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।**

৪। আবেদনকারীকে **নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত** নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, ইমেইল এড্রেস (যদি থাকে), জন্ম তারিখ, ০৭-০৯-২০২৫ তারিখে বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, প্রাপ্ত শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ, পাসের সন, বোর্ড/বিশ্ববিদ্যালয়), চাকুরীর অভিজ্ঞতা (যথা: পদের নাম, চাকুরীকাল, নিয়োগকারী কর্তৃপক্ষের নাম-ঠিকানা) ইত্যাদি উল্লেখ করতে হবে।

৫। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের ফরোয়ার্ডিং লেটার/অগ্রায়নসহ নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র (প্রত্যয়ন করার প্রয়োজন নাই) সংযোজনপূর্বক **মোট ০২(দুই) সেট** আবেদনপত্র **"রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫" বরাবর** ০৭-০৯-২০২৫ **তারিখের** মধ্যে ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে প্রেরণ করতে **হবে** অথবা নিজ হাতে/প্রতিনিধির মাধ্যমে রেজিস্ট্রার অফিসে জমা দিতে হবে। রেজিস্ট্রার অফিসে আবেদনপত্র সরাসরি জমা দেয়া হলে প্রাপ্তি স্বীকারপত্র দেয়া হবে। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না।

৬। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কর্মরত (স্থায়ী/অস্থায়ী/অনিয়মিত) প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিলযোগ্য।

৭। প্রার্থীকে তার প্রার্থীত পদের নাম খামের উপরে স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং কোটাভুক্ত প্রার্থীর ক্ষেত্রে খামের উপরে নির্দিষ্ট কোটার নামও লিখতে হবে।

৮। তৃতীয় লিঙ্গ ও প্রতিবন্ধী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

৯। ভুয়া তথ্য সম্বলিত/অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র অথবা নির্ধারিত অংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্তি ব্যতীত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে বা তাকে প্রার্থিত পদে নিয়োগ দিতে বাধ্য থাকবে না।

১১। সকল পদের জন্য দূরশিক্ষণ প্রতিষ্ঠানে কর্মরত অভিজ্ঞ প্রার্থী ও অভ্যন্তরীণ যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

১২। প্রার্থীর (প্রযোজ্য ক্ষেত্রে) কম্পিউটার লিটারেসি (বিশেষ করে বাংলা ও ইংরেজিতে কম্পোজ করা), কম্পিউটার চালনা, সাবলিলভাবে ইন্টারনেট ব্যবহার (ই-মেইলে তথ্য আদান-প্রদানসহ) এর বাস্তব জ্ঞান ও পারদর্শিতা থাকতে হবে।

১৩। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোন বিভাগ/স্কুলে কর্মরত প্রার্থীর অভিজ্ঞতা অন্য যে কোন পরবর্তী পদে নিয়োগের জন্য সংশ্লিষ্ট পদের প্রয়োজনীয় অভিজ্ঞতা হিসেবে সমভাবে বিবেচিত হবে।

১৪। নিয়োগপ্রাপ্তদের বাসা/ফ্ল্যাটের প্রাপ্যতা সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করতে হবে। কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত কোন কর্মচারী ক্যাম্পাসের বাইরে বসবাস করতে পারবেন না।

১৫। প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর প্রার্থিত পদে নিয়োগের জন্য তিন পর্যায়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে: (১) লিখিত পরীক্ষা (ভাষাগত ও যোগাযোগ দক্ষতাসহ প্রার্থীর সার্বিক ভাব প্রকাশের স্বরূপ নিরূপণ-এর জন্য), (২) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জন্য কম্পিউটার লিটারেসি টেস্ট/ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং (৩) মৌখিক পরীক্ষা। যে কোন প্রকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৬। গত ২৫-০২-২০২৪ তারিখের বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-২/১১৫৪ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ক্রমিক ০১,০২,০৪,০৬,০৭,০৯,১১,১২,১৩,১৪ ও ১৫ এ উল্লিখিত পদসমূহে ইতোপূর্বে আবেদনকারীগণের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তবে ইতোপূর্বে আবেদনকারীগণ আবেদনের তথ্য হালনাগাদ করতে চাইলে পদের নাম উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবর আবেদন করতে পারবেন।

**রেজিস্ট্রার**
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর